প্রথমে নিজের সিয়াম পালন করবে, অতঃপর মৃত ব্যক্তির পক্ষ থেকে কাযা করবে

يقضي ما عليه أولاً ثم يصوم عن الميت

<Bengal - বাঙালি - بنغالي >

ইলমী গবেষণা ও ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটি

اللجنة الدائمة للبحوث العلمية والإفتاء

অনুবাদক: সানাউল্লাহ নজির আহমদ

সম্পাদক: ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

ترجمة: ثناء الله نذير أحمد

مراجعة: د/ أبو بكر محمد زكريا

প্রথমে নিজের সিয়াম পালন করবে, অতঃপর মৃত ব্যক্তির পক্ষ থেকে কাযা করবে

প্রশ্ন: আমার স্ত্রী মারা গেছেন এ চিঠি লেখার তারিখ থেকে দু'সাপ্তাহ পূর্বে। আল্লাহ তার ওপর রহমত বর্ষণ করুন। তার জিম্মায় গত রমযানের সাতটি কাযা সাওম ছিল, যা তিনি মাসিকের কারণে পালন করতে পারে নি। কাযা করার পূর্বেই তিনি মারা গেছেন। এখন আমি তার পক্ষ থেকে সাওম পালন করব কি না? প্রকাশ থাকে যে আমার ওপরও এক মাসের কাযা সাওম রয়েছে। আমি কি আমারগুলো আগে পালন করব, অতঃপর তার পক্ষ থেকে পালন করব?

উত্তর: আল-হামদুলিল্লাহ

উল্লিখিত বাস্তবতার আলোকে আপনার সাওমগুলো আগে পালন করুন, অতঃপর আপনার স্ত্রীর জিম্মায় থাকা সাওমগুলো। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«مَنْ مَاتَ وَعَلَيْهِ صِيَامٌ صَامَ عَنْهُ وَلِيُّهُ».

"যে ব্যক্তি মারা গেল, তার দায়িত্বে যদি সাওম থেকে থাকে, তাহলে তার অভিভাবক তার পক্ষ থেকে সাওম পালন করবে"। (সহীহ বুখারী ও মুসলিম) অভিভাবক হচ্ছে তার নিকট-আত্মীয়, যাদের মধ্যে আপনিও একজন। আল্লাহ-ই ভালো জানেন।

সূত্র:

ফতোয়া লাজনায়ে দায়েমা

শাইখ আব্দুল আযীয ইবন বায

শাইখ আব্দুল আযীয ইবন আব্দুল্লাহ আলে-শাইখ

শাইখ আবু বকর আবু যায়েদ

ফতোয়া লাজনায়ে দায়েমা: দ্বিতীয় ভলিউম: (৯/২৬১)